# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৪০

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১। মাইনুল দীর্ঘদিন যাবৎ পুকুরে মাছ চাষ করলেও প্রশিক্ষণ পায়নি। গত বছর উপজেলা মৎস্য অফিস থেকে প্রশিক্ষণ পেয়ে মাছ করে' লাভবান হয়েছে। সে সম্পূরক খাদ্য তৈরি প্রয়োগের স্থান, সময় ও পরিমাণের প্রতি বেশি গুরুত্ব দিয়েছিল। মাইনুল প্রশিক্ষণের জ্ঞান আরও কয়েকজন মাছ চাষিকে জানালে ও বাস্তবে দেখালে তারাও সেভাবে মাছ চাষ করে লাভবান হয়েছে।

ক. নাইলোটিকার আদি আবাস কোথায়? ১

খ. খাদ্য ও পুষ্টির জন্য মাছ কেন প্রয়োজন ব্যাখ্যা কর। ২

গ. মাইনুলের পুকুরে মাছকে খাদ্য খাওয়ানোর পদ্ধতি বিশ্লেষণ কর। ৩

ঘ. অন্যান্য মাছ চাষি ও উদ্দীপকের মাইনুলের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

২। ফারুকের ২টি মুরগি চুনের মতো মলত্যাগ করছে। সে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে জানালে ব্যবস্থা নেওয়ায় আর কোনো মুরগি রোগ দ্বারা আক্রান্ত হয়নি।

ক. ভাইরাস সংক্রমিত মুরগির ২টি রোগের নাম লেখ। ১

খ. ভাইরাস সংক্রমিত মুরগির রোগের শনাক্তকারী লক্ষণগুলো ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রাণিসম্পদ কর্মকর্তা কী প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করতে বলেছিলেন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ফারুকের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৩। পাকুল্লা বগুড়ার প্রত্যন্ত একটি গ্রাম। এই গ্রামে মিলন মুরগির খামার করে বিভিন্ন সমস্যায় পড়ে। সে অনেক কষ্টে সমস্যার সমাধান করে কিছু লাভ করে। কারণ এখানে জনসংখ্যা অনেক ও মুরগির খামার কম। ডিম ও মাংসের চাহিদা অনেক বেশি।

ক. পোল্ট্রি কাকে বলে? ১

খ. পোল্ট্রির গুরুত্বপূর্ণ কয়েকটি প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে মিলন কেমন সমস্যায় পড়েছিল তা বিশ্লেষণ কর। ৩

ঘ. পাকুল্লা গ্রামে পোল্ট্রি শিল্পের উন্নয়নের জন্য কী করণীয় তা বিশ্লেষণ কর। ৪

৪। টাঙ্গাইলের মধুপুরে রাজউক কলেজের ছাত্রছাত্রীরা শিক্ষা সফরে আসেন বন দেখতে। তারা দেখেন বনের ভিতর ফসলের চাষ হচ্ছে। ঘরবাড়ি রয়েছে। বনে গাছপালা পশুপাখি নেই বললেই চলে। স্থানীয় বনবিভাগ তাদের জানায়, এ এলাকার তাপমাত্রাও বেড়েছে, বৃষ্টিপাত কমেছে, গাড়ি চলাচলের শব্দ বেড়েছে অর্থাৎ পরিবেশ খারাপ হচ্ছে। তবে বনবিভাগ এ সমস্যার সমাধানের জন্য ব্যাপক বৃক্ষের চারা রোপণ করছে।

ক. বন কী? ১

খ. 'সকল প্রুনিং ট্রেনিং কিন্তু সকল ট্রেনিং প্রুনিং নয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের পরিবেশ সংক্রান্ত সমস্যা বনবিভাগের গৃহীত পদক্ষেপ কীভাবে সমাধান করে ব্যাখ্যা কর। ৩

ঘ. মধুপুর বনের এ দুরবস্থা হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫। রফিক প্রান্তিক কৃষক। তিনি একটি এনজিও থেকে ১০ হাজার টাকা ১৫% সুদে ঋণ নেন ফসল চাষাবাদের জন্য। প্রতি সপ্তাহে ১০০০ টাকা কিস্তি। কিন্তু সে ফসল চাষাবাদে ঋণের টাকা খরচ করার আগেই কিস্তি দেওয়া শুরু হয়। ফসল উৎপাদনের আগেই সুদে আসলে টাকা পরিশোধ করা হয়। এতে তার বিভিন্ন সমস্যা হচ্ছে।

ক. কৃষি ঋণ কী? ১

খ. কৃষি ঋণ প্রয়োজন কেন ব্যাখ্যা কর। ২

গ. রফিক কৃষি ঋণের টাকা সুদে আসলে কত টাকা কত মাসে পরিশোধ করছে ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিকের এই ঋণ নেওয়া কতটুকু যুক্তিযুক্ত হয়েছে বিশ্লেষণ কর। ৪

৬। মিলনের পাড়া গ্রামের মিলন একজন নিঃস্বার্থ বৃক্ষপ্রেমিক। তার পেশা ছিল স্কুলে শিক্ষকতা করা। আর নেশা ছিল বিনামূল্যে নিজ হাতে খালি জায়গায় বৃক্ষ রোপণ করা। তার গ্রাম এক সময় বৃক্ষশূন্য ছিল। গ্রামটি এখন ফল, ফুল, কাঠ, ভেষজ ও সুন্দর পরিবেশে সমৃদ্ধ। এতে গ্রামের অনেক দুস্থ, দরিদ্র, বেকার লোক খেয়েপরে জীবন নির্বাহ করছে। তার নামানুসারে গ্রামের নাম বদলিয়ে মিলনের পাড়া হয়েছে। সে মরণোত্তর প্রেসিডেন্ট স্বর্ণপদক পেয়েছে। মিডিয়াতে তার নামডাক প্রচার হয়েছে। কিন্তু সে কিছুই জানে না। কারণ আজ সে বেঁচে নেই, বেঁচে আছে তার গাছপালা ও সম্মান।

Teachingbd.com

ক. বনায়ন কাকে বলে? ১

খ. বনের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মিলনের বৃক্ষরোপণের দ্বারা গ্রামবাসী কোন কোন ক্ষেত্রে উপকৃত হচ্ছে বিশ্লেষণ কর। ৩

ঘ. মিলনের সার্বিক কার্যক্রমের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭। বাবুলের আমবাগানে প্রতিবছরই আমের ফলন কমছে। ফল বিশেষজ্ঞের পরামর্শে সব আমগাছ প্রুনিং করার পর আমের ফলন বৃদ্ধি পেয়েছে। বাবুলের পরামর্শে আরও অনেকে আমগাছ প্রুনিং করে লাভবান হয়েছে। এতে এলাকার আমের উৎপাদন বেড়েছে, ফলে অনেক আম চাষি ও ভোক্তা উপকৃত হয়েছে।

ক. প্রুনিং কী? ১

খ. ফলগাছে প্রুনিংয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বাবুল কীভাবে আমের ফলন বৃদ্ধি করেছিল তা বিশ্লেষণ কর। ৩

ঘ. বাবুলের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৮। আশিকের দুগ্ধখামারে প্রতিবছর বর্ষাকালে কাঁচা ঘাস জাতীয় খাদ্যের অভাব হয়। প্রাণিসম্পদ কর্মকর্তা তাকে বর্ষাকালের আগে কাঁচা ঘাস দিয়ে বায়ু নিরোধক স্থানে সংরক্ষিত রসালো খাদ্য তৈরি করে রাখতে বললেন। আশিক তার পরামর্শে খাদ্য তৈরি করে রাখলেন। বর্ষাকালে গাভীগুলোকে খাওয়ালেন। এতে গাভীর দুধের উৎপাদন বাড়ল। আশিকের গ্রামের অনেকেই কাঁচা ঘাস দিয়ে শুকনা খাদ্য তৈরি করে গরু-মহিষকে খাওয়ায়ে খাদ্যের অভাব দূর করে লাভবান হলেন।

ক. হে কী? ১

খ. ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. আশিক কীভাবে খাদ্য তৈরি করেছিল বিশ্লেষণ কর। ৩

ঘ. আশিকের ও গ্রামের লোকজনের তৈরি করা গরুর খাদ্যের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# কৃষিশিক্ষা ২য় পত্র

বিষয় কোড : ২৪০

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. মাছ সংরক্ষণের কোন পদ্ধতিতে অতি নিম্ন তাপমাত্রায় মাছের দেহের অভ্যন্তরীণ পানিকে বরফে পরিণত করা হয়?
ক বরফজাতকরণ খ হিমায়িতকরণ
গ ধূমায়িতকরণ ঘ লবণজাতকরণ

২. বাগদা চিংড়ি চাষে ঘেরের গভীরতা কত মিটার হওয়া উচিত?
ক ১-১.৫ খ ২-২.৫ গ ৩-৩.৫ ঘ ৪-৪.৫

৩. কবুতরের কোন জাতটি মাংস উৎপাদনের জন্য বিখ্যাত?
ক গোলা খ আমেরিকান কিং
গ সিরাজী ঘ ফ্যানটেল

৪. লেয়ার মুরগি পালনে দৈনিক কত ঘণ্টা আলোর প্রয়োজন?
ক ৮-১০ খ ১২-১৪ গ ১৬-১৮ ঘ ২০-২২

৫. কৃত্রিম পদ্ধতিতে ডিম ফুটানোকে কী বলে?
ক ইনকিউবেটর খ ইনকিউবেটিং
গ ইনকিউবেশন ঘ ইনকিউবিং

৬. স্ত্রী নাইলোটিকার বৈশিষ্ট্য হলো—
i. দেহের বর্ণ অনুজ্জ্বল ii. নিচের পাখনা লম্বা
iii. মুখের উপর নিচ সমান
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

৭. মুরগির 'নিউক্যাসল' রোগের লক্ষণ কোনটি?
ক পালকবিহীন স্থানে গুটি খ বুকের হাড় শুকিয়ে যাওয়া
গ পায়ের গিট ফোলা ঘ চুনের মতো মলত্যাগ

▶ নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :
আজমল হোসেন আবদ্ধ অবস্থায় মেঝেতে বেশ পুরু করে লিটার বিছিয়ে ব্রয়লার মুরগি পালন করেন।

৮. আজমল হোসেন মেঝেতে কত সে.মি. পুরুত্বের লিটার ব্যবহার করেছিলেন?
ক ৫ খ ১০ গ ২০ ঘ ৪০

৯. আজমল হোসেনের মুরগি পালনে বর্ণিত পদ্ধতি অনুসরণের উদ্দেশ্য হলো—
i. অধিক সংখ্যক মুরগি পালন ii. মুরগির ঘর শুকনো রাখা
iii. অধিক পরিমাণ জৈব সার উৎপাদন
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

১০. একটি কোয়েলকে ৬ কেজি খাদ্য খাওয়ালে সেটি থেকে কী পরিমাণ মাংস পাওয়া যাবে?
ক ৪ কেজি খ ৩ কেজি গ ২ কেজি ঘ ১ কেজি

১১. রাজহাঁসের বৈজ্ঞানিক নাম কী?
ক *Answer Anser* খ *Anser anser*
গ *Answeer Anser* ঘ *Answer Anseer*

১২. জন্ম থেকে তিন মাস বয়স্ক গরুর বাছুরের মাংসকে কী বলা হয়?
ক বিফ খ ভিল গ চেভন ঘ মাটন

১৩. ব্ল্যাক বেঙ্গল ছাগলের বৈশিষ্ট্য হলো—
i. সাধারণত বর্ণ কালো
ii. প্রতিবারে দুইয়ের অধিক বাচ্চা দেয়
iii. কান লম্বা ও ঝুলানো
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

১৪. গবাদিপশুর রক্তে গ্লুকোজের অভাব হলে কোন রোগ হয়?
ক মেরাসমাস খ দুধজ্বর গ কিটোসিস ঘ গ্লুকোসিস

১৫. নিচের কোন উদ্ভিদগুচ্ছকে 'ত্রিফলা' বলা হয়?
ক আমলকী-হরীতকী-অশোক খ আমলকী-থানকুনি-অশোক
গ আমলকী-হরীতকী-বহেড়া ঘ আমলকী-হরীতকী-পাথরকুঁচি

১৬. গাভির দুধের সামান্য হলুদ বর্ণের জন্য দায়ী?
i. ক্যারোটিন ii. রিবোফ্লাভিন iii. জ্যান্থোফিল
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :
মফিজার রহমান তার জমিতে প্রতিবছর একই ফসল চাষ না করে বাৎসরিক ভিত্তিতে নির্দিষ্ট ফসলের চাষ করে থাকে।

১৭. মফিজার রহমানের অনুসরণকৃত ফসল চাষ পদ্ধতিকে কী বলা হয়?
ক শস্য পঞ্জিকা খ শস্য পর্যায় গ শস্য বিন্যাস ঘ শস্য নিবিড়তা

১৮. উক্ত পদ্ধতির বিবেচ্য বিষয় হলো—
i. স্থানীয় জলবায়ু ও মৃত্তিকা ii. শিম জাতীয় শস্য অন্তর্ভুক্ত
iii. চাহিদাপূর্ণ ফসল নির্বাচন
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

১৯. বৃক্ষের ক্ষতস্থান ড্রেসিং করতে কোনটি ব্যবহার করা হয়?
ক চিটাগুড় খ তিসির তৈল গ বোর্দ মিশ্রণ ঘ ইউরিয়া দ্রবণ

২০. মধ্যমেয়াদি কৃষি ঋণের সর্বোচ্চ মেয়াদ কত?
ক ৫ বছর খ ১০ বছর গ ১৫ বছর ঘ ২০ বছর

২১. 'কৃষি ও বৃক্ষ' মেলায় ন্যূনতম কতটি স্টল থাকে?
ক ২০ খ ২৫ গ ৩০ ঘ ৩৫

২২. নিচের কোনটি কৃষি ঋণের অপ্রাতিষ্ঠানিক উৎস?
ক গ্রামীণ ব্যাংক খ বিআরডিবি
গ ব্যবসায়ী ঘ রাকাব

২৩. গর্তে সার প্রয়োগের কতদিন পর চারা রোপণ করতে হয়?
ক ১-৫ খ ১০-১৫ গ ২০-২৫ ঘ ৩০-৩৫

২৪. নিচের কোনটি হাঁসের জাত?
ক আরআইআর খ ইন্ডিয়ান রানার গ লাহোরি ঘ সিন্ধি

২৫. সমতল ভূমির বনের প্রধান বৃক্ষ কোনটি?
ক জারুল খ গর্জন গ ম্যানজিয়াম ঘ শাল

### উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক |
| ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | | |

Teachingbd.com